গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
উপ পরিচালক (ভিডব্লিউবি)
http://www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.২৭.২০৯.২২.৮২

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিষয়: **মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রে ভিডব্লিউবি সুবিধা প্রত্যাশি মহিলাদের আবেদন গ্রহণ ও নির্বাচন সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভিডব্লিউবি কার্যক্রমের ২০২৩-২০২৪ চক্র ০১ জানুয়ারী ২০২৩ হতে শুরু হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট পরিপত্র www.dwa.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে এবং অতিসত্ত্বর অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে। আবেদন গ্রহণ ও উপকারভোগী নির্বাচনে নিম্ন নির্দেশনাসমূহ অনুসরণের জন্য আদেশক্রমে নির্দেশ দেয়া হলো।

১. ২০২৩-২০২৪ **ভিডব্লিউবি** চক্রে উপকারভোগী নির্বাচনের পরিপত্র যথাযথভাবে অনুসরণপূর্বক উপকারভোগী নির্বাচন করতে হবে।

২. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে সমন্বয় করে আবেদনের বিষয়, তারিখ ও স্থান উল্লেখপূর্বক মাইকিং এর জন্য তৈরিকৃত জিংগেল ( কথাকলি) অনুসরন করে গ্রাম পর্যায়ে মাইকিং করতে হবে। একটি ইউনিয়নের সকল ওয়ার্ডে অন্তত ৩ (তিন) দিন ব্যাপী মাইকিং ইউনিয়ন চেয়ারম্যান নিশ্চিত করবেন। প্রচারনার ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ওয়ার্ড কমিটির মাধ্যমে স্থানীয় মসজিদের ইমাম এর (মাইকিং এর ক্ষেত্রে) সহযোগিতা গ্রহণ করবেন।

৩. বিশ্বখাদ্য কর্মসূচি হতে সরবরাকৃত লিফলেট ভিডব্লিউবি কার্যক্রমের এনজিওর মাধ্যমে গ্রাম/পাড়া/বাজার/ইউনিয়ন পরিষদের দর্শনীয় স্থানে/দেয়ালে আঠা দিয়ে পরপর (৫-১০টি) লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে । বহুল প্রচারের জন্য প্রয়োজনে অন্যান্য ধর্মীয় উপসনালয়সহ জামে মসজিদের ইমামগণের সহযোগিতা নেয়া যেতে পারে।

৪. বিশ্বখাদ্য কর্মসূচির সহায়তায় ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত সচেতনতা তৈরিতে লিফলেট, কাট আউট, জিংগেল (কথাকলি) এবং সোশ্যাল মিডিয়ার জন্য ৪টি স্বল্প সময়ভিত্তিক (১৫/২০ সেকেন্ড) ভিডিও ক্লিপস প্রস্তুত করা হয়েছে। ভিডিওগুলো চলমান চক্রের উপকারভোগীদের প্রশিক্ষণে এনজিওদের মাধ্যমে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে (ভিডিওটি www.dwa.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে)। পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা করা যেতে পারে।

৫. ২০ নভেম্বর ২০২২ এর মধ্যে ভিডব্লিউবি সুবিধা প্রত্যাশি মহিলাদের প্রাথমিক আবেদন গ্রহণ করতে হবে। পরিপত্র/লিফলেট অনুসরণে ভিডব্লিউবি প্রত্যাশি মহিলাদের আবেদন সম্পূর্ণ অনলাইনে গ্রহণ করতে হবে। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা যাবে না। আগ্রহী আবেদনকারী মহিলাদের নিকট হতে সম্পূর্ণ বিনামূল্যে আবেদন গ্রহণ করতে হবে।

৬. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার, তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের উপজেলার তথ্য সেবা কর্মকর্তা/তথ্য সেবা সহকারী এবং ভিডব্লিউবি ওয়ার্ড কমিটির সমন্বয়ে নির্দিষ্ট

সময়, তারিখ ও স্থান নির্ধারণপূর্বক ওয়ার্ডভিত্তিক ভিডব্লিউবি আবেদনকারীদের হাজির করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন যেখানে **তথ্য আপা প্রকল্পের তথ্য সেবা কর্মকর্তা/তথ্য সেবা সহকারী** কর্তৃক প্রয়োজনীয় উপকরণসহ (ল্যাপটপ ও ইন্টারনেট সংযোগ) www.dwavwb.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন গ্রহণ করার লক্ষ্যে সেখানে উপস্থিত থাকবেন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। এক্ষেত্রে ভিডব্লিউবি এনজিওদের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

৭. ভিডব্লিউবি কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির বর্তমানে চুক্তিবদ্ধ এনজিও, আইজিএ প্রকল্পের প্রশিক্ষক, কিশোর-কিশোরী ক্লাবের সদস্য, মা ও শিশু সহায়তা কর্মসূচির ইউনিয়ন উইমেন ডেভেলপমেন্ট ওয়ার্কার এর সহযোগিতায় মাঠ পর্যায়ে প্রচার প্রচারনা পরিচালনা এবং অবহিতকরণ করতে হবে।

৮. ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে ডিজিটাল পদ্ধতিতে আবেদনের জন্য ওয়েবসাইটের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ প্রস্তুত করা হয়েছে। এই মোবাইল অ্যাপটি গুগল প্লে স্টোরে “VWB” নামে (পূর্বের ভিজিডি) পাওয়া যাবে। ওয়েবসাইটের মত অ্যাপটির মাধ্যমেও যেকোনো স্থান থেকেই আবেদন করা যাবে।

পার্বত্য এলাকার সকল উপজেলা এবং প্রয়োজনে অন্যান্য দুর্গম উপজেলার জন্য, যেখানে ইন্টারনেট সংযোগ নেই, সেখানে মোবাইল অ্যাপটির মাধ্যমে অনলাইনের পাশাপাশি অফলাইনেও আবেদন করার সুযোগ থাকবে। মোবাইল অ্যাপের মাধ্যমে অফলাইনে আবেদন করার ক্ষেত্রে উপজেলার তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। শুধুমাত্র সংযুক্ত তালিকায় বর্ণিত উপজেলাসমূহে মোবাইল অ্যাপের মাধ্যমে অফলাইনে আবেদন করার সুযোগ থাকবে। উল্লেখ্য যে, **অফলাইনে সংরক্ষিত সকল আবেদনই পরবর্তীতে ইন্টারনেট সংযোগে প্রবেশপূর্বক জমা দিতে হবে অন্যথায় উক্ত আবেদনসমূহ বাতিল হয়ে যাবে।**

৯. ইউডিসি/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে কোন ভিডব্লিউবি প্রত্যাশি মহিলা ছবি, জাতীয় পরিচয়পত্র বা আবেদনের কোন প্রকার হার্ড কপি নিয়ে আসলে অনলাইনে আবেদন করার বিষয়ে তাকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। কোন ভাবেই হার্ড কপি গ্রহণ/সংরক্ষণ করা যাবে না।

উল্লেখ্য যে, ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইন www.dwavwb.gov.bd পোর্টালে, ৩৩৩ নম্বরে কল করে এবং a2i এর একসেবা বা MyGov পোর্টালে যেয়ে একইভাবে বিনামূল্যে আবেদন করা যাবে।

১০. আবেদন যাচাইয়ে পর পরিপত্র অনুযায়ী ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি কর্তৃক সবোর্চ্চ নম্বরধারীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সুপারিশ করবে। ২০২১-২০২২ চক্রে ব্যবহৃত আইডি পাসওয়ার্ড বর্তমানেও ব্যবহৃত হবে। আবেদন গ্রহণের ক্ষেত্রে আইডি ও পাসওয়ার্ডের প্রয়োজন নেই। ইউনিয়নের আইডি ও পাসওয়ার্ড ইউপি চেয়ারম্যানকে অবহিত করতে হবে। (আইডি-ইউনিয়নের নাম, উপজেলার নাম এবং পাস ওয়ার্ড ইউনিয়নের নাম)। উদাহরণ: ID: mirzapur.shoylokupa এবং pass: mirzapur)।

১১. ইউনিয় হতে সুপারিশকৃত তালিকা www.dwavwb.gov.bd ওয়েব সাইট হতে প্রিন্ট করে চূড়ান্ত নির্বাচনের জন্য উপজেলা ভিডব্লিউবি কমিটির সভায় উপস্থাপন করতে হবে। উপজেলার আইডি- উপজেলার নাম, জেলার নাম, এবং পাসওয়ার্ড উপজেলার নাম। উদাহরণ: ID: shoylokupa.Jhenaidah এবং pass: shoylokupa।

১২. উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর তালিকা www.dwavwb.gov.bd ওয়েব সাইট হতে প্রিন্ট করে উপজেলা ভিডব্লিউবি কমিটির স্বাক্ষর গ্রহণ করতে হবে।

১৩. ভিডব্লিউবি কার্যক্রমের ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচন, যাচাই-বাছাই, প্রদর্শন ও কার্ড বিতরণ ইত্যাদি সকল কার্যক্রম পরিপত্র অনুযায়ী যথা সময়ে সম্পন্ন করতে হবে।

১৪. ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইন www.dwavwb.gov.bd পোর্টালে MIS সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য এই নম্বরসমূহে যোগাযোগ করুনঃ ০১৭০৭-৫২৪৩৭৭, ০১৭৮৪-০৬০৯৬২, ০১৭৮৩-৭৯৩৯৯২।

১৫. যে কোন সহযোগিতারজন্য এখন থেকে এই ই-মেইলেযোগাযোগ করুনঃ vwb.dwa@gmail.com

২৭-১০-২০২২
সালেহা বিনতে সিরাজ
অতিরিক্ত পরিচালক
ফোন: ০২-৪৮৩২০৩৭৪
ইমেইল: dwadhaka@gmail.com

উপপরিচালক (সকল জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর,
(উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.২৭.২০৯.২২.৮২/১(৩৯৯)

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য আপা প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
২) প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), a2i programme, ঢাকা।
৩) জেলা প্রশাসক (সকল)
৪) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৬) উপ পরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর
৭) উপ পরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর
৮) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)/প্রোগ্রাম অফিসার
৯) প্রতিনিধি, বিশ্বখাদ্য কর্মসূচি, ঢাকা, বাংলাদেশ
১০) ব্যাক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর

২৭-১০-২০২২
সালেহা বিনতে সিরাজ
অতিরিক্ত পরিচালক